

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিনিয়র জেলা জজের কার্যালয়  
রংপুর।

অফিস আদেশ :

নং : ১৯২/২০১৭

তারিখ : ২২/১১/২০১৭ খ্রিঃ।

বিষয় : জনাব মোঃ মোখলেছুর রহমান, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, সহকারী জজ আদালত, তারাগঞ্জ, রংপুর (বর্তমানে অবসর উত্তর ছুটি ভোগরত) এর পাওনা অর্জিত ছুটির নগদায়ন প্রসঙ্গে।

অত্রাদালতের হিসাবরক্ষক ও প্রশাসনিক কর্মকর্তার প্রতিবেদনের আলোকে সংশ্লিষ্ট আবেদনকারী কর্মচারীর ১২ মাসের অবসর উত্তর ছুটি ব্যতিত আরও ০১ বৎসর ০৬ মাস ০১ দিন পূর্ণগড় বেতনে অর্জিত ছুটি পাওনা থাকায় তাহার প্রার্থীতমতে ১৮ মাসের ছুটির বিনিময়ে বিধি মোতাবেক লাম্প গ্রান্ট পাইতে হকদার হওয়ায় জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১০ নং অনুচ্ছেদ : অবসর ভোগীদের পেনশন, গ্র্যাচুইটি ও ছুটি নগদায়ন এর (২)(খ) উপ-অনুচ্ছেদ-এ বর্ণিতমতে তাহার ১৮ মাসের মূল বেতনের সমপরিমাণ (মূল বেতন ১৮,৮৬০×১৮ মাস) = ৩,৩৯,৪৮০/- (তিন লক্ষ উনচল্লিশ হাজার চারশত আশি) টাকা লাম্প গ্রান্ট হিসাবে মঞ্জুরী প্রদান করা হইল।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।


স্বাক্ষরিত  
( হুমায়ুন কবীর )  
সিনিয়র জেলা জজ  
রংপুর।

স্মারক নং : জেঃজঃরং-০৪/২০১৭- ৫৭৪(৭)

তারিখ : ২২/১১/২০১৭ খ্রিঃ।

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। বিচারক (যুগ্ম জেলা জজ) ও চেয়ারম্যান, জেলা আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর (অত্র আদেশ জেলা আদালত বাতায়নে প্রকাশের নির্দেশসহ)।
- ২। ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
- ৩। সহকারী জজ, তারাগঞ্জ, রংপুর।
- ৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর।
- ৪। জনাব মোঃ মোখলেছুর রহমান, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, সহকারী জজ আদালত, তারাগঞ্জ, রংপুর (বর্তমানে অবসর উত্তর ছুটি ভোগরত)।
- ৫। আদেশ বহি/অফিস ফাইল।

আদেশক্রমে  
  
প্রশাসনিক কর্মকর্তা  
জেলা জজ আদালত  
রংপুর।